

তারিখ: ২৭.৫.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

### ওয়ার্ড পর্যায়ে স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে হবে: মেয়র ডা. শাহাদাত হোসেন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) আওতাধীন হাসপাতাল ও স্বাস্থ্য কমপ্লেক্সগুলোতে ওয়ার্ড পর্যায়ে মানসম্মত স্বাস্থ্যসেবা নিশ্চিত করার নির্দেশ দিয়েছেন মেয়র ডা. শাহাদাত হোসেন। মঙ্গলবার টাইগারপাসস্থ চসিক কার্যালয়ে স্বাস্থ্য বিভাগের কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন, “নগরীর ৪১টি ওয়ার্ডে আমাদের স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠান রয়েছে। এসব প্রতিষ্ঠানে নাগরিকদের প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা দিতে হবে। একসময় মেমন মাতৃসদনের স্বাস্থ্যসেবার গৌরব ছিল। সেই হারানো গৌরব ফিরিয়ে আনতে হবে।” তিনি বলেন, “ভিটামিন ‘এ’ ক্যাপসুল বিতরণ, জরায়ুমুখ ক্যাপারের প্রতিরোধে এইচপিভি ভ্যাকসিন প্রদানসহ টিকাদান কার্যক্রম আরও জোরদার করতে হবে। জনস্বাস্থ্য রক্ষায় এই কার্যক্রম অত্যন্ত গুরুত্বপূর্ণ।” মেয়র আরও জানান, চসিকের স্বাস্থ্য খাতকে আরও কার্যকর ও আধুনিক করতে নতুন চিকিৎসা যন্ত্রপাতি ক্রয় এবং প্রয়োজনীয় সংখ্যক চিকিৎসক নিয়োগের উদ্যোগ নেওয়া হবে। মেয়র আরো বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে বেওয়ারিশ লাশ পরিবহনের জন্য বিশেষ পরিবহন গাড়ি চালু করা হয়েছে। এই ধরনের সামাজিক দায়িত্ব পালন করা আমাদের নৈতিক দায়িত্ব। সভায় আরও উপস্থিত ছিলেন চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তোহিদুল ইসলাম, সচিব মো. আশরাফুল আমিন এবং প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. মো. ইমাম হোসেন রানা প্রমুখ।



### নগরীর যোগাযোগ ব্যবস্থাকে তেলে সাজানো হচ্ছে: মেয়র ডা. শাহাদাত হোসেন

চট্টগ্রাম নগরীর যোগাযোগ ব্যবস্থাকে আধুনিক, নিরাপদ ও টেকসই করতে চট্টগ্রাম সিটি কর্পোরেশন (চসিক) নানা উদ্যোগ বাস্তবায়ন করছে বলে জানিয়েছেন মেয়র ডা. শাহাদাত হোসেন। তিনি বলেন, “যানজট নিরসন, সড়ক নিরাপত্তা নিশ্চিতকরণ এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনার ভিত্তিতে নগরীর যোগাযোগ ব্যবস্থায় ব্যাপক পরিবর্তন আনা হচ্ছে।” মঙ্গলবার নগরীর ৩৭ নম্বর উত্তর মধ্য হালিশহর ওয়ার্ডে চৌচালা ও টিজি রোডের উন্নয়ন কাজের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। এ সময় মেয়র জানান, উন্নয়ন কার্যক্রমের আওতায় ডেনসহ রাস্তা নির্মাণ, জলাবদ্ধতা নিরসন এবং স্থায়ী অবকাঠামো উন্নয়ন অন্তর্ভুক্ত রয়েছে। উল্লেখ্য, চৌচালা রোডে ডেনসহ রাস্তা নির্মাণে ব্যয় ধরা হয়েছে ৯ কোটি ২৩ লাখ ২০ হাজার টাকা। প্রকল্প শুরুর আগে ওয়ার্ডের ডেনেজ ব্যবস্থার ডিজিটাল সার্ভে করে উপযুক্ত আউটলেট নির্ধারণ করা হয়, যা জলাবদ্ধতা নিরসনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। মেয়র বলেন, “ডিজিটাল সার্ভে মাধ্যমে সঠিক পরিকল্পনা করে আমরা কাজ বাস্তবায়ন করছি। এর ফলে আল্লাহর রহমতে এই বছর এই ওয়ার্ডে কোনো জলাবদ্ধতা হয়নি। ইতোমধ্যে ১৮ কোটি ৫৮ লাখ টাকার কাজ শেষ হয়েছে এবং ২৪ কোটি ২২ লাখ টাকার কাজ চলমান রয়েছে। অর্থাৎ মোট প্রায় ৪৩ কোটি টাকার উন্নয়নকাজ এ ওয়ার্ডে সম্পন্ন ও চলমান রয়েছে।” তিনি আরও বলেন, “উন্নয়নকাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। দুর্নীতির কোনো সুযোগ দেওয়া হবে না। ঠিকাদাররা যেন মানসম্মত ইট, বালি ও সিমেন্ট ব্যবহার করেন, তা নিশ্চিতে এলাকাবাসীরও ভূমিকা প্রয়োজন। এই রাস্তা আপনাদের, ভবিষ্যৎ প্রজন্মের জন্যও টেকসই করে রাখতে হবে।” মেয়র হাঁশিয়ারি দিয়ে বলেন, “সিটি কর্পোরেশনের অনুমতি ছাড়া কেউ রাস্তা খুঁড়লে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। জনগণের ট্যাক্সের টাকায় এই উন্নয়ন হচ্ছে—এটি যেন অপচয় না হয়, সেজন্য সবাইকে সজাগ থাকতে হবে।” অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন চসিকের প্রধান প্রকৌশলী আনিসুর রহমান, নির্বাহী প্রকৌশলী আশিকুল ইসলাম, সহকারী প্রকৌশলী মোহাম্মদুল ইসলাম, সাবেক কাউন্সিলর হাসান মুরাদ, হানিফ সওদাগরসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।

## সড়ক ও ফুটপাতে নির্মাণ সামগ্রী তিন ব্যক্তিকে ২১ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট চৈতী সর্ববিদ্যা এর নেতৃত্বে আজ নগরীর পাঁচলাইশ থানার মুরাদপুর, রুবি গেইট ও হিলভিউ আবাসিক এলাকায় অভিযান পরিচালিত হয়।

এই সময় হিলভিউ আবাসিক এলাকার সড়ক ও ফুটপাত দখল করে অবৈধভাবে নির্মাণ সামগ্রী রেখে জনদুর্ভোগ সৃষ্টি করার অপরাধে তিন ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ২১ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮